



ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-৩য় পর্যায় ইসলামিক ফাউন্ডেশন

প্লট : ই-৪/এ, ব্লক : সিভিক সেক্টর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-৩য় পর্যায়' শীর্ষক প্রকল্পের কার্যক্রমের বিস্তারিত তথ্য

ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-৩য় পর্যায় (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি গত ১৪/০৩/২০২১ খ্রি. তারিখে সরকার অনুমোদন করে। প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল জুলাই ২০২০ থেকে জুন ২০২৫ পর্যন্ত। প্রকল্পে মোট ব্যয় ধরা হয়েছে ২৯৮৫.০০ লক্ষ টাকা সংস্থার নিজস্ব উৎস (রিভলভিং ফান্ডের অর্থ) থেকে মিটানো হবে। প্রকল্পের মোট লক্ষ্যমাত্রা ১২৩১৪ ফর্মা পুস্তক প্রকাশ ও বিপণনের ব্যবস্থা করা। জনাব মোহাম্মদ তৌহিদুল আনোয়ার প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

প্রকল্প পরিচিতি

১. প্রকল্পের শিরোনাম	: ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম ৩য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্প
২. উদ্যোগী মন্ত্রণালয়	: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
৩. বাস্তবায়নকারী সংস্থা	: ইসলামিক ফাউন্ডেশন
৪. প্রকল্পের মেয়াদকাল	: জুলাই ২০২০ থেকে জুন ২০২৫ পর্যন্ত
৫. প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	: ২৯৮৫.০০ লক্ষ টাকা
৬. প্রকল্পের অর্থায়ন	: সংস্থার নিজস্ব উৎস (রিভলভিং ফান্ডের অর্থ)
৭. প্রকল্প এলাকা	: বাংলাদেশের ৬৪ জেলা
৮. প্রকল্প অনুমোদনের তারিখ	: মূল- ১৪/০৩/২০২১, ১ম সংশোধিত- ২৯/০৫/২০২৩ খ্রিষ্টাব্দ
৯. প্রশাসনিক আদেশ জারী	: মূল- ১৫/০৩/২০২১, ১ম সংশোধিত- ০৪/০৬/২০২৩ খ্রিষ্টাব্দ

প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য

ইসলামের মৌলিক বিষয় তথা আল-কুরআন ও কুরআন সম্পর্কিত, তাফসীর, হাদীস হাদীস সম্পর্কিত, মহানবী (সা)-এর সীরাত, আল-কুরআন বিশ্লেষণ, ইসলামী বিশ্লেষণ, ইসলামী সাহিত্য-সংস্কৃতি, কৃষ্টি-কালচার, ইতিহাস-ঐতিহ্য, বিজ্ঞান ও প্রযুক্তি, দর্শন, আইন ও বিচার, বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ ইত্যাদি বিষয়ে ইসলামিক ফাউন্ডেশনের চলমান প্রকাশনা কার্যক্রমকে আরও গতিশীল এবং অধিক চাহিদা সম্পন্ন পুস্তকাদি প্রকাশ এবং পুনর্মুদ্রণের লক্ষ্যে জুলাই ২০২০ থেকে জুন ২০২৫ পর্যন্ত মেয়াদে ২৯৮৫.০০ লক্ষ টাকা ব্যয়ে এ প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের প্রধান লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ নিম্নরূপ :

- বিভিন্ন বিষয় ও শিরোনামে সৃজনশীল ইসলামী মৌলিক বই প্রকাশ ও পুনর্মুদ্রণ এবং সর্ব সাধারণের কাছে সহজলভ্য করা;
- বিভিন্ন শিরোনামের ইসলামিক গ্রন্থ, হাদীস ও তাফসীর গ্রন্থ বাংলা ভাষায় অনুবাদ এবং প্রকাশ ও পুনর্মুদ্রণ করা যাতে তা সর্বসাধারণের কাছে সহজ প্রাপ্য হয়;
- ইসলামিক মূল্যবোধ প্রচার ও প্রসারে বিভিন্ন শিরোনামের ইসলামিক সংস্কৃতি, অর্থনীতি, বিজ্ঞান ও তথ্য-প্রযুক্তি, সামাজিক বিজ্ঞান, দর্শন এবং আইন বিষয়ক গবেষণামূলক বই প্রকাশ করা এবং মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ বিষয়ে বই প্রকাশ ও পুনর্মুদ্রণ করে জনগণের কাছে সঠিক ইতিহাস তুলে ধরা;
- কুরআনুল করীম, সীরাত/আম্বিয়া (আ), সাহাবায়ে কিরাম (রা) এবং আওলিয়ায়ে কিরাম (রহ.) সহ বিভিন্ন বিষয়ের উপরে ইসলামী বিশ্লেষণ প্রণয়ন, প্রকাশ ও পুনর্মুদ্রণ করা;
- সুপ্রসিদ্ধ অধিকতর চাহিদাসম্পন্ন পূর্বে প্রকাশিত পুস্তক পুনর্মুদ্রণ ও নতুন মুদ্রণসহ মোট ১২৩১৪ ফর্মার ২৬৬টি পুস্তক মুদ্রণ করা।